



রাষ্ট্রপতি আবদুল হামিদের সাথে সৌজন্য সাক্ষাৎশেষে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এবিএম ফজলে করিম চৌধুরী এমপি, আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি ও আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য রিজিয়া রেজা চৌধুরী

আইআইইউসি'র ৫ম সমাবর্তনে নিমন্ত্রণে রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ

আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠেয় আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (আইআইইউসি) এর ৫ম সমাবর্তন অনুষ্ঠানে আইআইইউসি'র চ্যান্সেলর মহামান্য রাষ্ট্রপতি আবদুল হামিদকে আমন্ত্রণ জানানো হয়েছে। গত ৮ নভেম্বর রাত নয়টায় বঙ্গভবনে সাক্ষাতকালে আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানান আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজ (বিওটি) এর চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি। এসময় উপস্থিত ছিলেন রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি এ.বি.এম ফজলে করিম চৌধুরী এমপি এবং আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের সদস্য রিজিয়া রেজা চৌধুরী। অত্যন্ত সৌহার্দপূর্ণ পরিবেশে সাক্ষাৎকারের সময় প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি আইআইইউসি'র বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নেওয়ার পর বিভিন্নক্ষেত্রে আইআইইউসি'র অগ্রগতি, পরিবর্তন ও ভবিষ্যত পরিকল্পনা সমূহ রাষ্ট্রপতির সামনে তুলে ধরেন।-বিজ্ঞপ্তি

আইআইইউসির পঞ্চম সমাবর্তনে রাষ্ট্রপতিকে আমন্ত্রণ

আগামী ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রামের (আইআইইউসি) পঞ্চম সমাবর্তন অনুষ্ঠানে আইআইইউসির চ্যান্সেলর রাষ্ট্রপতি আবদুল হামিদকে আমন্ত্রণ জানানো হয়েছে। গত সোমবার রাত ৯টায় বঙ্গভবনে সাক্ষাৎকালে আনুষ্ঠানিকভাবে তাকে আমন্ত্রণ জানান আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি।

এই সময়ে উপস্থিত ছিলেন রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আলহাজ এ বি এম ফজলে করিম চৌধুরী এমপি এবং আইআইইউসির বোর্ড অব ট্রাস্টিজের ৯ম পূ: ৬-এর কলামে



রাষ্ট্রপতি আবদুল হামিদের সাথে রেলপথ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি এ বি এম ফজলে করিম চৌধুরী এমপি, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান প্রফেসর ড. আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী এমপি, আইআইইউসি বোর্ড অব ট্রাস্টিজের সদস্য রিজিয়া রেজা চৌধুরীর সৌজন্য সাক্ষাৎ